বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা
পিপিআর অনুবিভাগ
www.bpatc.org.bd

প্রশিক্ষণ প্রতিষ্ঠান: উদ্ভাবন ও পরিবর্তন বিষয়ক ২য় সোশ্যাল মিডিয়া সংলাপ-এর সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির (এপ্রিল ২০১৮ পর্যন্ত) প্রতিবেদন এবং আসন্ন ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠানের জন্য প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : রঞ্জিৎ কুমার সেন এনডিসি
স্থান : এমডিএস (পিএন্ডএস) এর অফিস কক্ষ
তারিখ : ০৯/০৪/২০১৮ খ্রি.
সময় : দুপুর ০২:৩০ মিনিট

সভার উপস্থিতি পতাকা 'ক' দ্রষ্টব্য।

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। পরবর্তীতে এটুআই প্রোগ্রাম এর জনাব মানিক মাহমুদ, এর সঙ্গে আসন্ন ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপ বিষয়ে টেলিফোনে কথা বলা হয়। উক্ত কথোপকথনের ভিত্তিতে সভাকে জানানো হয়, ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপ মে ২০১৮ এর প্রথম সপ্তাহে অনুষ্ঠিত হবে। তারপর সভার কাজ শুরু করা হয়।

প্রথমেই, আসন্ন ৩য় সোশ্যাল মিডিয়া সংলাপ এর প্রস্তুতি নিয়ে আলোচনা করা হয় এবং কেন্দ্রের পরিচালকগণ নিজ নিজ অনুবিভাগের মিডিয়া সংলাপ সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভাকে অবহিত করেন।

সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কোর্স কারিকুলাম ও প্রশিক্ষণ পদ্ধতি আধুনিকায়ন ও ই-লার্নিং প্ল্যাটফরম তৈরি করা ইত্যাদি বিষয়ে ১৭ এপ্রিল ২০১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয় ও এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্যোগে ২য় সোশ্যাল মিডিয়া সংলাপ অনুষ্ঠিত হয়েছে। উক্ত সংলাপে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে 'বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের' বাস্তবায়ন সর্বশেষ অগ্রগতি/গৃহীত পদক্ষেপগুলো নিম্নে উল্লেখ করা হলো:

ক্র. নং	২য় সোশ্যাল মিডিয়া সংলাপে গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন অগ্রগতি
১)	**কোর্স কারিকুলাম/কন্টেন্ট**	
	ক) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান রূপকল্প ২০২১ এর আলোকে তাদের স্বল্প ও দীর্ঘমেয়াদি সকল প্রশিক্ষণ কোর্স অধিকতর আপডেট করার নিমিত্ত বিপিএটিসি'সহ অন্য প্রতিষ্ঠানের দক্ষ অনুষদ সদস্য ও এটুআই প্রতিনিধিদের নিয়ে বছরে কমপক্ষে একবার 'কোর্স কারিকুলাম রিভিউ ওয়াকশপ' আয়োজন করবে।	১১/০৫/২০১৭ তারিখে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কারিকুল্যাম রিভিউ ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়। এতে বিপিএটিসি ছাড়াও আরো ০৫(পাঁচ)টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের প্রতিনিধি অংশগ্রহণ করেন।
	খ) প্রতিটি প্রশিক্ষণ কোর্সের মডিউলে ডিজিটাল বাংলাদেশের বিষয়বস্তু (জাতীয় তথ্য বাতায়ন, ই-ফাইলিং, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, নাগরিক সেবায় উদ্ভাবন, মাল্টিমিডিয়া ক্লাশরুম ইত্যাদি), টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) অন্তর্ভূক্ত করতে হবে।	উল্লিখিত বিষয়সমূহ সকল কোর কোর্সে (এসএসসি, এসিএডি ও এফটিসি) অন্তর্ভুক্ত করা আছে।

y.docx

<table>
<tr><td></td><td>গ) প্রশিক্ষণের মাধ্যমে সকল ক্যাডার কর্মকর্তাকে সরকারের গঠন, কার্যপদ্ধতি, আইন, নীতিমালা প্রণয়ন প্রক্রিয়া সম্পর্কে অবিহিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সরকারের গঠন, কার্যপদ্ধতি, আইন, নীতিমালা প্রণয়ন প্রক্রিয়া বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কারিকুল্যামে অন্তর্ভুক্ত আছে।</td></tr>
<tr><td></td><td>ঘ) বিপিএটিসি, সাভার প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের কমপক্ষে ২জন অনুষদ সদস্যের জন্য কোর্স কারিকুলাম রিভিউ বিষয়ে প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) প্রদান করবে। টিওটি'র ডিজাইন করার প্রক্রিয়ায় এটুআই সম্পৃক্ত হতে পারে।</td><td>০৩টি ToT কোর্স আয়োজন করা হয়েছে। ১ম কোর্সে ১৫টি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ২৮ জন (মেয়াদ ০৯-১২ অক্টোবর ২০১৭), ২য় কোর্সে ১৬টি প্রতিষ্ঠানের ২৫ জন (মেয়াদ ২৬-৩০ নভেম্বর ২০১৭), ৩য় কোর্সে ১৬টি প্রতিষ্ঠানের ৩০ জন (মেয়াদ ০৭-১১ জানুয়ারি ২০১৮) প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন।</td></tr>
<tr><td></td><td>ঙ) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে বছর (প্রশিক্ষণ) শুরু হওয়ার পূর্বেই একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়-এ প্রেরণ করতে হবে।</td><td>বাৎসরিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রণয়ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়ে তা প্রেরণ করা হয়েছে।</td></tr>
<tr><td>২)</td><td colspan="2">প্রশিক্ষণ পদ্ধতি</td></tr>
<tr><td></td><td>ক) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান তাদের কোর্স কারিকুলামে বর্তমানে ট্রেনিং ম্যাথড পর্যালোচনা করে (১ম সংলাপের আগে ও বর্তমান) লেকচার, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের বদলে কার্যকর ও অংশগ্রহণমূলক আধুনিক প্রশিক্ষণ পদ্ধতি (সিমুলেশন,রোলপ্লে,কেস স্টাডি, অভিজ্ঞতা বিনিময়, দলীয় কাজ, প্যানেল ডিসকাশন, ভিডিও ম্যাটেরিয়াল ও তথ্য পযুক্তির ব্যবহার বৃদ্ধি ইত্যাদি) কতটা পরিবর্তন হয়েছে তার তুলনামূলক চিত্র প্রতি ছয়মাস পরপর নিয়মিতভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়-এ উপস্থাপন করবেন।</td><td>ইতোমধ্যে কোর কোর্সসমূহে লেকচার ও ডিসকাশন সেশনের সংখ্যা উল্লেখযোগ্য পরিমাণে কমানো হয়েছে। Activity/Participation based সেশনের সংখ্যা বাড়ানো হয়েছে।
<table>
<tr><td rowspan="2">কোর্সের নাম</td><td colspan="2">প্রশিক্ষণ পদ্ধতি</td></tr>
<tr><td>অন্যান্য</td><td>L&D</td></tr>
<tr><td>এফটিসি</td><td>৫৬%</td><td>৪৪%</td></tr>
<tr><td>এসিএডি</td><td>৭৯%</td><td>২১%</td></tr>
<tr><td>এসএসসি</td><td>৭৩%</td><td>২৭%</td></tr>
<tr><td>পিপিএমসি</td><td>১০০%</td><td>০%</td></tr>
</table></td></tr>
<tr><td>৩)</td><td colspan="2">ই-লার্নিং (E-Learning)</td></tr>
<tr><td></td><td>ক) ই-লার্নিং অব্যাহত রাখতে হবে। পাশাপাশি ই-পদ্ধতিকে ভিত্তি করে প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে। প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান আগামী ডিসেম্বর/২০১৭ সময়ের মধ্যে কমপক্ষে একটি কোর্স ই-পদ্ধতিতে চালু করবে।</td><td>বিপিএটিসি কর্তৃক পরিচালিত Core Course-সমূহের ক্ষেত্রে ই-লার্নিং প্ল্যাটফর্ম কার্যকর রয়েছে।</td></tr>
<tr><td></td><td>খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত 'মোবাইল কোর্ট' ও 'বেসিক আইসিটি' শীর্ষক অনলাইন কোর্সদ্বয় যত দ্রুত সম্ভব চালু করে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠানে তা প্রতিফলন করা হবে।</td><td>এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এখন পর্যন্ত কোন সুনির্দিষ্ট নির্দেশনা পাওয়া যায়নি।</td></tr>
<tr><td></td><td>গ) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান আগামী ডিসেম্বর/২০১৭ সময়ের মধ্যে কমপক্ষে একটি দূর-প্রশিক্ষণ (Distance Learning) কোর্স চালু করবে।</td><td>Distance Learning এর সম্ভাব্যতা যাচাই সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্ত মোতাবেক কতিপয় সীমাবদ্ধতা (Multimedia Content তৈরির জন্য দক্ষ জনবল গঠন, Server এর সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি) শীঘ্রই সমাধান করে Distance Learning চালু করা হবে। এ বিষয়ে একটি প্রকল্প প্রণয়নের জন্য গত ২৫/০৯/২০১৭ তারিখে এমডিএস (প্রকল্প) এর নিকট একটি পত্র প্রেরণ করা হয়েছে।</td></tr>
</table>

		Distance Learning বিষয়টি আগামীতে কোন একটি প্রকল্পের অংশ হিসেবে অন্তর্ভূক্ত করার কার্যক্রম অব্যাহত রয়েছে। Test case হিসেবে মে ২০১৮ মাসে কেন্দ্রের অনুষদ সদস্যবৃন্দের জন্য প্রথমবারের মতো একটি Online Course চালুর চেষ্টা করা হচ্ছে।
৪)	**প্রশিক্ষণ ব্যবস্থাপনায় আধুনিক প্রযুক্তির ব্যবহার**	
	ক) প্রশিক্ষণ ব্যবস্থাপনাসহ (e-Based Training) প্রশিক্ষণ সেশন, অফিস ব্যবস্থাপনা, প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ, ডিজিটাল লাইব্রেরী, স্টোর ব্যবস্থাপনা ইত্যাদি কাজে আইসিটি ব্যবহার নিশ্চিত করবেন।	কেন্দ্রের সকল কার্যক্রমে আইসিটি'র ব্যবহার নিশ্চিতকল্পে e-learning, e-library, PMIS, CTMS, TMS, SMS, A&FMS, DMS, CEMS সফ্‌টওয়্যারসমূহ ব্যবহার করা হচ্ছে।
৫)	**ওয়েবসাইট আপডেটকরণ**	
	ক) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান তাদের প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যসহ অন্যান্য তথ্য নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করবে। সংশ্লিষ্ট দপ্তরের Innovation/ Best Practice সমূহ ওয়েব সাইটে আপলোড করবে।	বিপিএটিসির প্রশিক্ষণ কোর্সসমূহের তথ্য নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হচ্ছে। কেন্দ্রের Development & Economy Division, Evaluation Department, Research and Development Section এবং Staff Training & Regional Centre Department কর্তৃক প্রণীত Innovation/Best Practice সমূহ ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।
	খ) নির্বাচিত সেশন সমূহের ভিডিও Youtube-এ আপলোড করা যেতে পারে।	বিপিএটিসির নিজস্ব ওয়েবসাইটে নিম্নোক্ত সেশনসমূহ ইতোমধ্যেই Youtube-এ আপলোড করা হয়েছে। 1) Session on Know Thyself by Dr. M Aslam Alam, Rector (Senior Secretary), BPATC; 2) Lecture on "Fast Track" Projects by Professor Jamilur Reza Choudhury; 3) Distance Learning on eNothi: All RPATCs & BPATC by Rustom Rabbani, Assistant Programmer, BPATC; 4) Inaugural Session of International Conference 2017 on MCBPSD; 5) Closing Ceremony of International Conference 2017 on MCBPSD.
	গ) প্রতিটি প্রশিক্ষণ প্রতিষ্ঠান তাদের সকল গবেষণার Abstract ও ফাইন্ডিংস ওয়েবসাইটে আপলোডের মাধ্যমে উন্মুক্ত করবে যাতে অন্য প্রতিষ্ঠানও সেই ফাইন্ডিংস বাস্তবে প্রয়োগ করতে পারে।	বিপিএটিসির নিজস্ব ওয়েবসাইটে কেন্দ্র কর্তৃক পরিচালিত গবেষণা কর্মের মধ্যে - ৩৩টি Abstract এবং ১৩৩টি Research Title এর তথ্য আপলোড করা হয়েছে।
৬)	**বিবিধ**	
	ক) উপরোক্ত সিদ্ধান্তসমূহের সঠিক বাস্তবায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের নেতৃত্বে সকল প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং এটুআইয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে।	এ বিষয়ে জনাব মুহাম্মদ জিয়াউল ইসলাম, ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই প্রোগ্রাম টেলিফোনিক আলাপে জানিয়েছেন যে, MoU এর খসড়া প্রস্তুত করা হচ্ছে।